যায়যায়দিন

তারিখ 2 3 JUN 2008
পৃঃ ১০ কলাম ২

# অভিযোগ ও পরামর্শ বাক্স এবার বিদ্যালয়ে

কুড়িগ্রাম প্রতিনিধি

বিদ্যালয়ের শিক্ষা কার্যক্রমকে আরো স্বচ্ছ ও জবাবদিহিমূলক করার লক্ষ্যে এবার বিদ্যালয়ে স্থাপন করা হয়েছে অভিযোগ ও পরামর্শ বাক্স। শিক্ষার্থীদের মায়েরা এ বাক্সে বিদ্যালয় সংক্রান্ত অভিযোগ বা পরামর্শ দেবেন। শনিবার কুড়িগ্রামের আত্মারাম বিশ্বেশ্বর সরকারি প্রাথমিক বিদ্যালয়ে এ বাক্স স্থাপন করে টিআইবির সচেতন নাগরিক কমিটি সনাক। এ উপলক্ষে মানসম্মত প্রাথমিক শিক্ষা ও মায়েদের সচেতনতা বৃদ্ধির জন্য বিদ্যালয় চত্বরে মা সমাবেশ হয়। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশের (টিআইবি) কুড়িগ্রাম সচেতন নাগরিক কমিটির (সনাক) সহযোগিতায় বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটি এ সমাবেশের আয়োজন করে। স্কুল ব্যবস্থাপনা কমিটির সভাপতি কদিমল ইসলাম খন্দকারের সভাপতিত্বে সভায় বক্তব্য রাখেন সনাক আহ্বায়ক এনামুল হোসেন, উপজেলা শিক্ষা কর্মকর্তা মোঃ হেমায়েত উদ্দিন শিক্ষক নেতা মোঃ আবদুল মান্নান, সনাক সদস্য সাংবাদি আবদুল খালেক ফারুক, বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা সুলতান আরজুমা হক ও টিআইবির কর্মকর্তা আশরাফ মাহমুদ বক্তারা বলেন, স্কুলের শিক্ষার মান কাঙ্ক্ষিত পর্যায়ে উন্নী করতে ও শিক্ষার্থীদের ঝরে পড়া রোধে মায়েদের নিয়মি বিদ্যালয়ে আসতে এবং শিক্ষা বিষয়ে নিয়মিত খোঁজখব রাখতে হবে। পাশাপাশি স্কুল ব্যবস্থাপনা কমিটিকে তাদে ওপর অর্পিত গুরুদায়িত্ব ঠিকমতো পালন করতে হবে। এছা স্কুলভিত্তিক এসব আয়োজনে শিক্ষা বিভাগের আরো গুরুত্বপূ ভূমিকা রাখার আহ্বান জানান বক্তারা। সভায় উন্মুক্ত প্রশ্নোত্ত পর্বে মায়েরা তাদের সন্তানদের শিক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন বিষ স্কুল ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও শিক্ষকমণ্ডলীদের কাছে জান চান। পরে বিদ্যালয়ের বৃত্তিপ্রাপ্ত ও মেধাবী শিক্ষার্থীদের মধ্